

কুয়েটের ৮৭৫ আসনে পরীক্ষার্থী ১০ হাজার

নিজস্ব প্রতিবেদক, খুলনা

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং ও বিইউআরপি কোর্সে ৮৭৫ আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নেবেন ১০ হাজার ২০৭ শিক্ষার্থী। এবারের ভর্তি পরীক্ষায় অনলাইনের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ১০ হাজার ২২৪টি আবেদনের মধ্যে বৈধ ১০ হাজার ২০৭ আবেদনকারীর সবাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন। আগামী ৬ নভেম্বর সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

চলতি বছর পুরকৌশল (সিই) বিভাগে ১২০, ডিঙি ও ইলেকট্রনিক কৌশল (ডওই) বিভাগে ১২০, যন্ত্রকৌশল (এমই) বিভাগে ১২০, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে ১২০, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে ৬০, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগে ৬০, লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে ৬০, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগে ৬০, আরবান অ্যান্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগে ৬০, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে ৬০, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগে ৩০ ও সংরক্ষিত ৫টি আসনসহ মোট ৮৭৫ ছাত্রছাত্রী ভর্তি করা হবে।